

Dr. Ambedkar Post-Matric Scholarship for the Economically Backward Class (EBC) Students সম্পর্কিত বিজ্ঞপ্তি ।

২০২০-২১ ইং শিক্ষাবর্ষে একাদশ, দ্বাদশ, আই টি আই, ডিপ্লোমা, ডিগ্রি, পোস্ট গ্রেজুয়েট পাঠরত ছাত্র-ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ভারত সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন (Ministry of Social Justice & Empowerment, Govt, of India) মন্ত্রণালয়ের নির্দেশিকা অনুসারে Post-Matric Scholarship for the Economically Backward Class (EBC) বৃত্তি প্রদানের জন্য ST/SC/OBC সম্প্রদায় ভুক্ত ছাত্র-ছাত্রীরা ব্যতীত শুধুমাত্র General Category এবং ত্রিপুরায় স্থায়ীভাবে বসবাসকারী ছাত্র-ছাত্রীদের কাছ থেকে National Scholarship Portal (NSP 2.0) (<http://Scholarships.gov.in>) এর মাধ্যমে মাধ্যমিকোত্তর বৃত্তি প্রদানের জন্য উচ্চশিক্ষা দপ্তরের পক্ষ থেকে অনলাইন দরখাস্ত আহ্বান করা হচ্ছে। রাজ্য ও বহিঃরাজ্যের সরকারী শিক্ষা প্রতিষ্ঠান, কলেজে এবং ইউনিভারসিটি সমূহে পাঠরত রাজ্যের ছাত্র-ছাত্রীরা ২০শে ডিসেম্বর, ২০২০ ইং হইতে ৩১শে জানুয়ারী, ২০২১ ইং পর্যন্ত অনলাইনের মাধ্যমে আবেদন করার সুযোগ পাবে।

অনলাইনে আবেদন করার অত্যাবশ্যিক যোগ্যতাবলী :-

- ১। ছাত্র-ছাত্রীকে ত্রিপুরার স্থায়ী বাসিন্দা হতে হবে ।
- ২। দরখাস্তকারীর পারিবারিক বাৎসরিক আয় ২.৫ লক্ষ টাকার মধ্যে হতে হবে। এই মর্মে মহকুমা শাসক কর্তৃক issue করা পারিবারিক আয়ের সার্টিফিকেট অনলাইনে আপলোড করতে হবে ।
- ৩। আবেদনকারীর আধার নাম্বার থাকতে হবে এবং আধার নাম্বার নিজ নিজ ব্যাঙ্ক একাউন্ট এর সঙ্গে সংযোগস্থাপন (Seeding) থাকতে হবে এবং Student-এর Bank Account-টি Transfereable limit যুক্ত হতে হবে।
- ৪। যে সকল ছাত্র-ছাত্রীরা পূর্বে এই বৃত্তিটি পেয়েছে তাহাদের Renewal Application ফর্ম পূরন করে দাখিল করার জন্য বলা হচ্ছে ।
- ৫। আবেদনকারী সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে / ইউনিভারসিটিতে পাঠরত হতে হবে, বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীরা এই প্রকল্পে বৃত্তি পাওয়ার জন্য বিবেচিত হবে না।

ছাত্র-ছাত্রীদের আবেদন পত্র প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক ২০শে ফেব্রুয়ারী, ২০২১ ইং এর মধ্যে অনলাইনে ভেরিফিকেশন করতে হবে। বিজ্ঞপ্তি টি কলেজের অধ্যক্ষকে ছাত্র-ছাত্রীদের গোচরে নিতে হবে। অনলাইনে ফর্ম ফিলাপ (আপলোড) করার পরে আবেদন পত্রের Print copy ডাউনলোড করে রাজ্য পাঠরতদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে এবং পরবর্তী কালে নির্ধারিত তারিখের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক উক্ত দরখাস্তগুলি উচ্চশিক্ষা দপ্তরে জমা দিতে হবে। বহিঃরাজ্যে পাঠরত ছাত্র-ছাত্রীদের আবেদন পত্রের Print copy ডাউনলোড করে উচ্চশিক্ষা দপ্তরে জমা দিতে হবে। ২০ ফেব্রুয়ারী, ২০২১ ইং এর পরে জমা করা আবেদনপত্র গ্রাহ্য করা হবে না।

আবেদন করার সময় নিম্নলিখিত তথ্যাদি প্রদান করতে হবে :-

- (১)। আধার নম্বর। (২) Students-এর নিজস্ব Bank Account (Pass Book) (৩) Bank Branch -এর IFS Code No. (৪) ছাত্র-ছাত্রীদের জন্মের প্রমাণ পত্র (Birth Certificate/Madhyamik Admit Card) (৫) Mobile No. (৬) ত্রিপুরায় স্থায়ী বসবাসের প্রমাণপত্র (PRTC) (৭) ইনকাম সার্টিফিকেট (এস ডি এম) (৮) Institute/College-এর e-mail no (৯) এক কপি পাসপোর্ট সাইজ ফটো।

বিঃ দ্রঃ বিস্তারিত বিবরণের জন্য উচ্চশিক্ষা দপ্তর, শিক্ষা ভবন, অফিস লেন, আগরতলায় যোগাযোগ করা যেতে পারে। দূরভাষ:-
(০৩৮১)২৩১-৪৪০২

(ডি. দেবর্মা)
যুগ্ম অধিকর্তা
উচ্চশিক্ষা দপ্তর, আগরতলা
ত্রিপুরা